



UK Health
Security
Agency

NHS

Keep me where I can
be seen by all students.
Don't throw me away,
reuse me for next year!

হ্যাংওভার? ফ্রেশার্স ফ্লু?

নাকি মেনিনজাইটিস?

#মেনিনজাইটিস দ্রুত চিকিৎসা করা না হলে মারাত্মক ক্ষতিসাধন করতে পারে।
মেনিনজাইটিস এবং সেপ্টিসেমিয়ার উপসর্গ ও লক্ষণসমূহ জানুন:

জ্বর এবং/অথবা বমি



প্রচণ্ড মাথাব্যথা



অঙ্গ, জোড়, পেশীর ব্যথা,
ঘাড় শক্ত হয়ে যাওয়া



হাত ও পা ঠাণ্ডা হয়ে যাওয়া,
কাঁপুনি



ফ্যাকাশে বা ছোপযুক্ত ত্বক,
বা ফুসকুড়ি



দ্রুত নিঃশ্বাস নেওয়া, শ্বাসকষ্ট



আলোক সংবেদনশীলতা,
খিচুনি (মৃগীরোগ)



অত্যন্ত ঘুমকাতুরে, জেগে
উঠতে কষ্ট হওয়া, চিন্তাশূন্য,
দ্বিধাবিভ বা বিকারগ্রস্ত



মেনিনজাইটিস ও সেপ্টিসেমিয়ার লক্ষণসমূহ যেকোনো ক্রমে আসতে পারে
এবং প্রত্যেকের সব লক্ষণ থাকে না।

আপনার বন্ধুর প্রতি খেয়াল রাখুন। আপনি বা অন্য কেউ অসুস্থ হয়ে গেলে
অন্য কাউকে জানান। নিয়মিত তাদের খবর নিন এটি নিশ্চিত করতে যে তারা
ঠিক আছে বা যাতে কেউ জানতে পারে যে আপনি ঠিক আছেন।

দ্রুত মেডিকেল পরামর্শ নিন যদি আপনি চিন্তিত থাকেন, NHS-কে 111
নম্বরে কল করুন।

দ্রুত পদক্ষেপ নিন – যদি কেউ অসুস্থ থাকে এবং দ্রুত অবস্থা খারাপ
হতে থাকে, তবে অতিসত্ত্বের চিকিৎসাগত সহায়তা নিন, এবং 999 নম্বরে
চিকিৎসাগত জরুরি অবস্থার ভিত্তিতে কল করুন।

#টিকা সর্বোত্তম সুরক্ষা প্রদান করে থাকে। আপনি যদি
২৫ বছর বয়সের নিচের একজন শিক্ষার্থী হন এবং এখনো
MenACWY টিকা না নিয়ে থাকেন, তাহলে আপনার
ডাক্তারের পরামর্শ নিন বা NHS.UK থেকে MenACWY
টিকা সম্পর্কে জেনে নিন: [nhs.uk/conditions/
vaccinations/men-acwy-vaccine](https://nhs.uk/conditions/vaccinations/men-acwy-vaccine)

মেনিংগোকোকাল রোগটি মেনিনজাইটিস ও সেপ্টিসেমিয়ার
একটি গুরুত্বপূর্ণ কারণ। MenACWY টিকা ৪ প্রকারের
মেনিংগোকোকাল রোগের বিরুদ্ধে অত্যন্ত কার্যকরী কিন্তু
MenB এর মতো অন্যান্য রোগ থেকে রক্ষা করতে
পারবে না।